মা-বাবা এবং অভিভাবক 2009-2010

মা-বাবা এবং অভিভাবকদের জন্য একটি সহজ নির্দেশিকা

আপনার সন্তানদের লেখাপড়ায় এবং পেশা পছন্দ করায় সাহায্যকরণ

এই নির্দেশিকা পড়ে শিক্ষা ও ট্রেইনিং (প্রশিক্ষণ) ব্যবস্থায় আনীত মূল পরিবর্তনগুলো সম্পর্কে জানতে পারবেন। তাছাড়া লেখাপড়ার এবং পেশাজীবনের সঠিক পথ ধরতে আপনার উঠতি বয়সের (টিনেইজার) সন্তানদেরকে সাহায্য করার কিছু ব্যবহারিক কৌশলও এতে পাবেন।

শিক্ষা ব্যবস্থায় কিছু পরিবর্তন আনা হয়েছে। পরিবর্তনগুলো আজকালকার উঠতি বয়সের ছেলেমেয়েদের সামনে খুলে দিয়েছে নানান ধরনের আকর্ষণীয় শিক্ষা কৌর্স। কি করবে বা না করবে সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে গিয়ে এই বয়সের সকল ছেলেমেয়েই উত্তেজিত, বিভ্রান্ত ও চিন্তিত হয়ে পড়তে পারে। আপনার সন্তান সম্পর্কে আপনিই সবচেয়ে বেশি জানেন। তাই বর্তমানে এবং আগামীতে সঠিক পথ বাছাই করার ক্ষেত্রে আপনার একটি গুরুত্বপূর্ণ ভূমিকা বা দায়িত্ব পালন করার মত রয়েছে। গবেষণায় দেখা গেছে যে, উঠতি বয়সের ছেলেমেয়েরা তাদের নিজ নিজ মা-বাবা এবং অভিভাবকদের অভিমতকে মূল্য দেয়, এমন কি তাদের নিজেদের মাথায় ভিন্ন ধরনের চিন্তাধারা থাকলেও।

শিক্ষা এবং ট্রেইনিং ব্যবস্থায় আনীত পরিবর্তনসমূহ

উদ্দেশ্য
ক্রমবর্ধমান বিশ্ব-অর্থনীতির আলোকে আমাদের যুব সমাজের এখন আগের চেয়ে উচ্চ মানসম্পন্ন দক্ষতা প্রয়োজন। তাই পরিবর্তনশীল এই পৃথিবীর প্রয়োজনগুলো মিটানোর জন্য শিক্ষা এবং ট্রেইনিং ব্যবস্থায়ও পরিবর্তন আনা হচ্ছে। এর লক্ষ্য হলো নিম্নলিখিতগুলো নিশ্চিত করা:

- ইংরেজি এবং অংক বিষয়ে উন্নত মানের দক্ষতা সহ সকল যুবক যুবতী জ্ঞান অর্জনের, পেশা জীবনের এবং প্রাপ্তবয়সের জীবন যাপনের জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো অর্জন করবে
- প্রত্যেক যুবক যুবতীর সামনে তাদের উপযুক্ত পথ খোলা থাকবে
- প্রতিটি পথ শিক্ষা জীবন অতিক্রম করে চাকরি বা পেশা জীবনে নিয়ে যাবে।

অপরিহার্য দক্ষতা সমূহ
বর্তমানের সকল শিক্ষা কর্মসূচী এবং অধিকাংশ শিক্ষাগত যোগ্যতায় জ্ঞান অর্জনের, চাকরির এবং প্রাপ্তবয়স্ক জীবন যাপনের জন্য অপরিহার্য দক্ষতাগুলো শিক্ষা দেওয়া হয়। মৌলিক দক্ষতাগুলো হলো ইংরেজি, অংক এবং আই.সি.টি (কমপিউটার) বিষয়গুলোতে ব্যবহারিক দক্ষতা, যেগুলো আমরা সকলেই প্রতিদিন ব্যবহার করি এবং এগুলো এখন সেকেন্ডারি স্কুলে শিক্ষা দেওয়া হয়। মৌলিক দক্ষতাগুলো ডিপ্লোমা কৌর্সেরও একটি অংশ। 2010 সালের সেপ্টেম্বর থেকে জি.সি.এস.ই (GCSE) এবং এ্যাপ্রেন্টিসশিপ (Apprenticeship) কৌর্সগুলোতেও এগুলো থাকবে।

লেখাপড়ার পথগুলো উন্নত করা
প্রত্যেক যুবক যুবতীর সামনে যাতে তাদের নিজ নিজ প্রয়োজনের উপযুক্ত পথ খোলা থাকে তা নিশ্চিত করার জন্য গৃহীত ব্যবস্থাগুলোর মধ্যে রয়েছে:

- আত্ম-বিশ্বাস গড়ে তুলতে এবং মৌলিক শিক্ষাগত যোগ্যতা অর্জন করতে যেসব যুবক যুবতীর বাড়তি সাহায্যের প্রয়োজন তাদের জন্য নতুন শিক্ষা কর্মসূচী ও পথ তৈরি করা
- বর্তমানের GCSE এবং A লেভেলের মতো শিক্ষাগত যোগ্যতাগুলোকে শক্তিশালী করা যাতে এগুলো লক্ষ্যমাত্রাগুলোর সাথে মানানসই হয় এবং যুব সমাজকে উচ্চ শিক্ষা ও চাকুরী জীবনের জন্য গড়ে তুলে।
- একেবারে নতুন একটি শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা চালু করা। ডিপ্লোমাতে থাকে ক্লাসরুম ভিত্তিক শিক্ষা এবং হাতেকলমে অভিজ্ঞতা অর্জনের সুযোগ। ব্যবহারিক বা হাতে-কলমে শিক্ষা অর্জন করতে আনন্দ পায় এমন যে কোনো মেধাগত সামর্থ্যের যুবক যুবতীর জন্য ডিপ্লোমা কৌর্স উপযুক্ত। ফাউন্ডেশন, হাইয়ার এবং এ্যাডভান্সড লেভেলে ডিপ্লোমা করা যায়। বর্তমানে সকল ক্ষেত্রে সকল সাবজেক্টে (পাঠ্যবিষয়ে) ডিপ্লোমা করা যায় না। আপনার সন্তান যেন তার স্কুল বা কলেজ থেকে জেনে নেয় কি কি বিষয়ে সেখানে ডিপ্লোমা করার সুযোগ রয়েছে।

- যারা চাকরি-ভিত্তিক পথ অনুসরণ করে শিক্ষাগত যোগ্যতা অর্জন করতে চায় তাদের জন্য এপ্রেন্টিসশিপ কৌর্সগুলো সম্প্রসারিত করা। এপ্রেন্টিসশিপ কৌর্সের মাধ্যমে যুবক যুবতীরা চাকরিতে থাকাকালে শিক্ষাগত যোগ্যতা অর্জন করার সুযোগ পায়। কিছু বিষয়ে 14-16 বছর বয়সীরাও ইয়াং এ্যাপ্রেন্টিসশিপ করতে পারে।
- সেপ্টেম্বর গ্যারান্টি (September Guarantee) নামের একটি ব্যবস্থার মাধ্যমে 16 এবং 17 বছর বয়সের সকল যুবক যুবতীর জন্য যথাযথ শিক্ষা কৌর্সে ভর্তি হওয়ার সুযোগ নিশ্চিত করা।

অগ্রগতিতে সাহায্য করা
সকল পথই যাতে কোনো নির্দিষ্ট একটি স্থানে নিয়ে যায় তা পরিবর্তনগুলোর মাধ্যমে নিশ্চিত করা হয়েছে। কোনো একটি পথ ধরার পর সেটি যুবক যুবতীরা চাইলে পরে পরিবর্তন করে অন্য পথ ধরতে পারবে, তবে যে পথগুলো তারা ধরবে সেগুলো যাতে ভবিষ্যতে অন্য পথ ধরার সুযোগ সীমিত না করে সে দিকে তাদেরকে খেয়াল রাখতে হবে।

বিস্তারিত জেনে নিন
www.connexions-direct.com/parentcarer ওয়েবসাইটে এই নির্দেশিকার একটি সম্প্রসারিত সংখ্যা রয়েছে। ওয়েবসাইটে পি.ডি.এফ এবং টেকস্ট অনলি সংখ্যাও পড়তে পারবেন। তাছাড়া **www.direct.gov.uk** ওয়েবসাইটে 'Parents' এবং 'Young people' অংশটিও পড়ে নিন। আপনার ঘরে কম্পিউটার না থাকলে আপনার এলাকার পাবলিক লাইব্রেরীতে বা কানেকশন্স সেন্টারে তা ব্যবহার করতে পারবেন।

উন্নত পথ পছন্দ করায় আপনার সন্তানদেরকে সাহায্য করা

লেখাপড়ার ও পেশাজীবনের ভাল পথ পছন্দ করতে সঠিক তথ্য জানা অপরিহার্য। ভাল পথ পছন্দ করায় আপনার সন্তানদেরকে সাহায্য করা বলতে বোঝায় তাদের সামনে কি কি পথ খোলা রয়েছে সেগুলো তারা জানে কি না, এবং তাদের মেধাগত শক্তি ও আগ্রহগুলো কি কি তা যাচাই করে নেওয়া।

পথগুলো সম্পর্কে তথ্য
কি স্টেইজ 4-এ 16 বছর বয়স পরবর্তী শিক্ষাকৌর্সগুলোতে সাবজেক্ট পছন্দ করার সংখ্যা কম থাকে। উদাহরণস্বরূপ কি স্টেইজ 4-এ প্রত্যেককেই ইংরেজি, ম্যাথেমেটিক্স (অংক) এবং সাইন্স (বিজ্ঞান) বাধ্যতামূলক ভাবে নিতেই হয়।

আপনার সন্তানকে আপনি যে ভাবে সাহায্য করতে পারেন
কি কি কৌর্স নেওয়ার এবং কি কি শিক্ষাগত যোগ্যতা অর্জনের সুযোগ রয়েছে তা যত বেশি সম্ভব জেনে নিতে তাকে সাহায্য করুন। নিম্নলিখিতগুলো করতে তাকে উৎসাহ দিন:

- স্কুলের তথ্য পড়তে উৎসাহ দিন - আপনার সন্তান যদি কি স্টেইজ 4 এর সাবজেক্ট পছন্দ করতে যায় তবে কি কি সাবজেক্ট বাধ্যতামূলক (কমপালসারি) এবং কি কি সাবজেক্ট ঐচ্ছিক (অপশন্যাল) তা সে জানে কি না জেনে নিন।
- স্থানীয় ভাবে কি কি কৌর্স করার সুযোগ রয়েছে সে সম্পর্কে অনলাইনে 14-19 প্রোসপেক্টাস ব্যবহার করে বাড়তি তথ্য জেনে নিতে উৎসাহিত করুন - **www.direct.gov.uk/14-19prospectus** ওয়েবসাইটে গেলে সে তা পাবে।
- যেসব সাবজেক্টের প্রতি তার আগ্রহ রয়েছে সেগুলো সম্পর্কে তার কোনো প্রশ্ন থাকলে প্রশ্নগুলো লিখে নিতে উৎসাহ দিন, যেমন এগুলো নিলে সে কোন্ পর্যায়ে উন্নীত হতে পারবে এবং কি ধরনের আর্থিক সাহায্যের ব্যবস্থা রয়েছে
- তার জানার বিষয়গুলো সম্পর্কে যারা জানেন তাদের সাথে আলাপ করতে উৎসাহ দিন - উদাহরণস্বরূপ, তার আগ্রহের কৌর্স পরিচালনাকারীদের সাথে, আগ্রহের কৌর্স নিয়েছে এমন লোকদের সাথে, নিজের টিচারদের সাথে, ক্যারিয়ার্স কো-অর্ডিনেটরের এবং কানেকশন্স এর পার্সোন্যাল এ্যাডভাইজারের সাথে
- কৌর্স যাচাই করার কর্মসূচীতে যোগদানের জন্য নাম রেজিস্টার করে নিতে এবং কোনো একটি কৌর্সের সাথে কি কি জড়িত রয়েছে সেগুলো সম্পর্কে জানার জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যেতে উৎসাহ দিন
- দরখাস্ত দাখিলের শেষ তারিখ সম্পর্কে জেনে নিতে, বিশেষ করে 16 বছর বয়স পরবর্তী কৌর্সগুলোর ক্ষেত্রে। এর কারণ হলো জনপ্রিয় কৌর্সগুলোর সিট খুব তাড়াতাড়ি পুরণ হয়ে যেতে পারে।

উন্নত মানের শিক্ষাগত যোগ্যতা যাদের থাকে তাদের চাকুরি পাওয়ার সম্ভাবনা বেশি থাকে, তারা বেতন বেশি পান এবং চাকরির উপর সন্তুষ্ট থাকেন। শিক্ষাগত যোগ্যতা যাদের নেই তাদের চাকরি পাওয়ার সম্ভাবনা দ্রুত বিলীন হয়ে যাচ্ছে। আপনার সন্তান যদি 16 বছর বয়স পরবর্তী কৌর্সের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার পথে থাকে তবে এমন একটি পথ পছন্দ করতে উৎসাহ দিন যেটিতে উচ্চ শিক্ষা সহ বাড়তি শিক্ষার পথ খোলা থাকে। তাকে মনে করিয়ে দিন যে, তার আগের ফলাফল যাই হোক না কেন তার জন্য কোনো পথই বন্ধ হয়নি, সকল পথই খোলা আছে। তাকে আরো মনে করিয়ে দিন যে, অধিকাংশ যুবক যুবতী স্কুলের লেখাপড়া শেষ করার পর আরো লেখাপড়া করে বা ট্রেইনিং নেয়।

মেধাশক্তি এবং আগ্রহ
আপনার সন্তান যদি তার মেধাশক্তি এবং আগ্রহের মানানসই কৌর্স পছন্দ করে তবে তার সাফল্য অর্জন করার সম্ভাবনা বেশি থাকবে।

নিজের মেধাশক্তি এবং আগ্রহগুলো চিহ্নিত করে নিতে তাকে সাহায্য করুন
তাকে নিচের বিষয়গুলো নিয়ে আলোচনা করতে উৎসাহ দিন:

- তার সবচেয়ে প্রিয় এবং সবচেয়ে অপ্রিয় লেসনগুলো (টিচারের পাঠদান) নিয়ে
- অবসর সময়ের কাজগুলো নিয়ে
- বিভিন্ন ধরনের লেসন সম্পর্কে তার মনোভাব নিয়ে
- পরীক্ষা, মূল্যায়ন এবং ব্যবহারিক কাজের প্রকল্পগুলো সম্পর্কে তার মনোভাব নিয়ে।

হুইচ ওয়ে নাও? (Which way now?) নামের ম্যাগাজিনের পরামর্শগুলো তাকে নিয়ে অনুসরণ করতে পারেন। এতে কি স্টেইজ 4-এ বিভিন্ন পছন্দ সম্পর্কে তথ্য রয়েছে। অথবা **ইটস ইয়র চয়েস (It's your choice)** নামের ম্যাগাজিনের পরামর্শ অনুসরণ করতে পারেন যেটিতে 16 বছর বয়স পরবর্তী পছন্দগুলো নিয়ে আলোচনা করা হয়েছে। ইন্টারনেটে বা অনলাইনে কাজ করা সে বেশি পছন্দ করলে তাকে উৎসাহ দিন ম্যাগাজিনগুলো পরষ্পর সক্রিয় (ইন্টারেক্টিভ) সংখ্যগুলো ব্যবহার করতে। এগুলো **www.connexions-direct.com/whichwaynow** এবং **www.connexions-direct.com/itsyourchoice** ওয়েবসাইটে রয়েছে।

বর্তমানে যেগুলো সে বেছে নিচ্ছে এবং ভবিষ্যতে সে যা যা করতে চায় সেগুলোর মধ্যে একটি সম্পর্ক খুজেঁ বের করতে তাকে সাহায্য করুন
জীবনের আশা আকাঙ্খা এবং স্বপ্নগুলো নিয়ে আলোচনা করতে তাকে উৎসাহ দিন। তাকে আরো উৎসাহ দিন চাকুরি বা লেখাপড়ার ব্যাপারে তার নিজের ধ্যান ধারণা নিয়ে আলোচনা করতে। তাকে এই নিশ্চয়তা দিন যে স্পষ্ট কোনো পরিকল্পনা না থাকলে তাতে কিছু যাবে আসবে না। সে এমন পথগুলো বেছে নিতে পারে যেগুলোতে ভবিষ্যতে প্রচুর পথ তার সামনে খোলা থাকবে।

নির্দিষ্ট কোনো পেশার প্রতি তার আগ্রহ থাকলে সেটির জন্য তার বিশেষ ধরনের অভিজ্ঞতা, পাঠ্যবিষয়, শিক্ষাগত যোগ্যতা এবং গ্রেইড থাকার দরকার হতে পারে। **www.connexions-direct.com/jobs4u** ওয়েবসাইটের **jobs4u** সেকশনে গিয়ে তার আগ্রহের পেশাগুলো সম্পর্কে জেনে নিতে তাকে উৎসাহ দিন। তাছাড়া তাকে আরো উৎসাহ দিন তার লোক্যাল অনলাইন 14-19 প্রোসপেক্টাস পড়ে ভর্তির যোগ্যতাগুলো সম্পর্কে জেনে নিতে।

তার পছন্দকৃত কোনো কৌর্স বা সাবজেক্টের ব্যাপারে আপনি উদ্বিগ্ন থাকলে নম্রভাবে আপত্তি তুলুন
যেমন, আপনার সন্তানের এমন কোনো একটি পছন্দের ব্যাপারে আপত্তি তুলতে পারেন যদি মনে করেন সে সেটির ব্যাপারে:

- যথেষ্ট পরিমাণে জেনে নেয়নি
- কোনো একটি সাবজেক্টে নিজের আগ্রহ ও মেধাশক্তির ব্যাপারে বেশি বা, বিশেষ করে কম ধারণা, পোষণ করেছে
- কৌর্সটির টিচারের বিবেচনায় তার সিদ্ধান্ত মারাত্মক ভাবে প্রভাবিত হয়েছে, তার বন্ধুদের কথায় কিংবা ক্লাসে সে'ই একমাত্র ছেলে বা মেয়ে হবে, ইত্যাদি বিবেচনায় নিয়ে তার পছন্দ মারাত্মক ভাবে প্রভাবিত হয়েছে।

তার সিদ্ধান্তে সহায়তা করুন
আপনার সন্তানের পছন্দগুলোর প্রতি আপনি একমত না হলে নম্রতার সাথে তাকে বোঝানোর চেষ্টা করুন। তাকে বোঝান যে আপনি তার মঙ্গল চান, তবে পছন্দ তাকেই করতে হবে। যদি পরে কোনো এক সময়ে সে বুঝতে পারে সে ভুল সিদ্ধান্ত নিয়েছিল তবে ভুল সিদ্ধান্তের পরিণামগুলো থেকে পরিত্রাণ পেতে আপনার সাহায্য তার দরকার হবে।

একটি বিকল্প পরিকল্পনা তৈরি করে রাখতে তাকে উৎসাহ দিন
বিভিন্ন ধরনের বাস্তব কারণে সে হয়তো করণীয় কাজগুলো করতে সমর্থ হবে না। তাই একটি বিকল্প পরিকল্পনা থাকলে তার মনের মধ্যে একটা সাহস থাকবে যে কোনো কিছু ঘটলে ঐ পরিকল্পনাটি সে কাজে লাগাতে পারবে।

আপনাকে কারা সাহায্য করতে পারবেন?

সাবজেক্ট টিচারদের এবং ফর্ম টিউটরদের সাহায্য নিতে পারেন। তাছাড়া নিচের লোকদের এবং প্রতিষ্ঠানগুলোর পরামর্শ নিতে পারেন। **www.connexions-direct.com/parentcarer** ওয়েবসাইটে গিয়ে এই নির্দেশিকার পরিপূর্ণ সংখ্যা থেকে এ ব্যাপারে বিস্তারিত জেনে নিন।

আপনার সন্তানের কানকশন্সের পার্সোন্যাল এ্যাডভাইজারের সাথে কথা বলুন
কানেকশন্স এর পার্সোন্যাল এডভাইজার শিক্ষার কোর্স, ট্রেইনিং এবং চাকুরীর ব্যাপারে এবং উঠতি বয়সের ছেলেমেয়েদের অন্যান্য সমস্যার ব্যাপারে তথ্য, পরামর্শ এবং দিক-নির্দেশনা প্রদান করেন। স্কুলে বা স্থানীয় কানেকশন্স সেন্টারে তাদের সাথে দেখা করার ব্যবস্থা করতে পারবেন।

কানেকশন্স এর পার্সোন্যাল এ্যাডভাইজার এবং স্কুলের স্পেশ্যাল এ্যাজুক্যাশন্যাল নীড্স কো-অর্ডিনেটর (Special Educational Needs Co-ordinators (SENCO)) লেখাপড়ায় সাহায্যের প্রয়োজন এমন ছাত্রছাত্রীদেরকে এবং ডিজেবোল্ড ছাত্রছাত্রীদেরকে স্থানান্তর পরিকল্পনায় বাড়তি সাহায্য করেন। ইয়ার 9, 10 এবং 11-এ স্টেইটমেন্ট অব স্পেশ্যাল এজুক্যাশন্যাল নীডস বার্ষিক ভাবে পর্য্যালোচনা করতে হয়। পর্য্যালোচনাগুলোর একই সাথে প্রাপ্তবয়স্ক জীবনে স্থানান্তরের একটি পরিকল্পনাও অবশ্যই তৈরি করতে হয়। যুবক বা যুবতীটির আগ্রহ এবং জীবনে সে কি করতে চায়, ইত্যাদির প্রতি মনোনিবেশ করে এবং সকল পথ নিয়ে তার সাথে ও তার মা-বাবা এবং অভিভাবকদের সাথে আলোচনা করে যুবক যুবতীকে আলোচনার কেন্দ্রবিন্দুতে স্থাপন করে স্থানান্তর পরিকল্পনা তৈরি করতে হবে। আপনার সন্তানের জীবনের সাথে জড়িত অন্যান্য পেশাজীবিরাও স্থানান্তর পরিকল্পনায় সাহায্য করতে পারেন। আপনার সন্তানের কানেকশন্স পার্সোন্যাল এডভাইজার আপনার সন্তানের প্রয়োজনীয় সাহায্যগুলোর ব্যবস্থা করা সহ পরিকল্পনা বাস্তবায়নে সাহায্য করবেন। আপনার সন্তানের বয়স 25 বছরে পৌছার পূর্ব্ব পর্যন্ত কানেকশন্স এই সাহায্য করে যেতে থাকবে।

কানেকশন্স ডাইরেক্ট ব্যবহার করুন

এই সেবা ব্যবস্থাটি 13 থেকে 19 বছর বয়সের ছেলেমেয়েদের জন্য। এটি উঠতি বয়সের যুবক যুবতীদের সাথে জড়িত বহুবিধ সমস্যার ব্যাপারে তথ্য এবং পরামর্শ প্রদান করে। একটি ওয়েবসাইটের মাধ্যমে অথবা কানকেশন্স ডাইরেক্টের একজন পরামর্শদাতার মাধ্যমে যোগাযোগ করতে হয়। বিভিন্ন ধরনের পেশার একটি ড্যাটাবেইজ **jobs4u** রয়েছে ওয়েবসাইটের **www.connexions-direct.com/jobs4u** লিংকে। কানেকশন্স ডাইরেক্ট এর সাথে সারা সপ্তাহব্যাপী সকাল 8টা থেকে সকাল 2টা পর্যন্ত ফোনে, টেকস্ট পাঠিয়ে অথবা **www.connexions-direct.com** ওয়েবসাইট থেকে ইমেইল পাঠিয়ে এটির সাথে যোগাযোগ করা যাবে।

www.direct.gov.uk ওয়েবসাইটে গিয়ে Directgov ব্যবহার করুন
সরকারী সকল সেবা ব্যবস্থাগুলো সম্পর্কে তথ্য এই সেবা ব্যবস্থা থেকে জানা যাবে। যুবক যুবতীদের পছন্দসমূহ, লেখাপড়ায় আর্থিক সাহায্যের এবং সাহায্যের সূত্রগুলো সম্পর্কে সকল তথ্য জানতে ‘Parents’ এবং ‘Young people’ সেকশনগুলো পড়ে নিন।

প্যারেন্টলাইন প্লাস এর সাথে যোগাযোগ করুন
প্যারেন্ট নো হাও (Parent Know How) নামের একটি কর্মসূচীর সহায়তাপ্রাপ্ত কয়েকটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের একটি হলো প্যারেন্টলাইন প্লাস। এদের ওয়েবসাইট হলো **www.dcsf.gov.uk/parentknowhow**। সন্তান লালন পালনের সাথে জড়িত যে কোনো বিষয়ে এই প্রতিষ্ঠান বিনামূল্যে পরামর্শ এবং দিক-নির্দেশনা প্রদান করে। 24 ঘন্টাব্যাপী পরিচালিত হেল্পলাইন **0808 800 2222** নাম্বারে ফোন করতে পারেন অথবা **www.parentlineplus.org.uk** ওয়েবসাইটে গিয়ে তথ্য পড়তে ও ইমেইলে সাহায্য নিতে পারেন।

প্যারেন্টলাইন প্লাস অনলাইনে 'স্কুল গেইট' নামে একটি সামাজিক সংবাদ মাধ্যমও পরিচালনা করে। **www.gotateenager.org.uk** ওয়েবসাইটে গিয়ে বিস্তারিত জেনে নিন।

লেখাপড়ার খরচ

আপনার সন্তানের জীবনের জন্য শিক্ষার বিকল্প কোনো কিছু নেই। আর্থিক কারণে তার লেখাপড়া বন্ধ করা উচিত নয়। তার বয়স 16 বছরের উপরে হলে সে কিছু আর্থিক সাহায্য পেতে পারে। উদাহরণস্বরূপ, সে নিম্নলিখিতগুলোতে সাহায্য পেতে পারে:

- দৈনন্দিন শিক্ষা খরচ - উঠতি বয়সের যুবক যুবতীরা যাতে লেখাপড়া চালিয়ে যেতে পারে সে জন্য **এডুক্যাশন মেইনটেন্যান্স এ্যালাওয়েন্স (EMA)** নামের একটি কর্মসূচী থেকে সপ্তাহপ্রতি সর্বোচ্চ £30 দেওয়া হয়। পরিবারের আয়ের উপর সাপ্তাহিক পরিমাণ নির্ভর করে। তা পেলে পরিবারের অন্যান্য বেনিফিট কমানো হয় না।
- চাইল্ডকেয়ার বা শিশু পরিচর্যার খরচ - **কেয়ার টু লার্ন** অল্প বয়সের মা/বাবাদেরকে লেখাপড়া চালিয়ে যাওয়া কালে বাচ্চাদের দেখাশোনার খরচে আর্থিক সাহায্য প্রদান করে।
- **ডিজেবিলিটি বা বুদ্ধিগত সমস্যা** থেকে উদ্ভূত বিশেষ বিশেষ প্রয়োজন মিটানো - এ ব্যাপারে অনেক ধরনের সাহায্যের ব্যবস্থা রয়েছে। আপনার সন্তান কি কি সাহায্য পাওয়ার যোগ্য হতে পারে সেগুলো সম্পর্কে আপনার সন্তানের কানেকশন্স এর পার্সোন্যাল এ্যাডভাইজার পরামর্শ দিতে পারবেন।
- বিশেষজ্ঞমূলক শিক্ষাগত যোগ্যতা অর্জনের জন্য লেখাপড়া করা - ড্যান্স (নৃত্য) এবং ড্রামা (নাট্যশিল্প) ইত্যাদির মতো বিশেষজ্ঞমূলক বিষয়ে শিক্ষাগত যোগ্যতা অর্জনের জন্য একটি সীমিত সংখ্যক **স্কলারশিপ (বৃত্তি)** এবং **শিক্ষা অনুদান** দেওয়া হয়। সরকারী আর্থিক সাহায্যে কুলায় না এমন থাই খরচে এবং টুইশন ফি-তে এই অর্থ সাহায্য করে।
- স্কুল পরবর্তী শিক্ষার খরচ - স্কুল এবং কলেজগুলোর **বিবেচনা ভিত্তিক সাহায্য তহবিল** থাকে। মারাত্মক আর্থিক সংকটের অধীন 16 বছর বয়স পরবর্তী ছাত্রছাত্রীদেরকে এই তহবিল থেকে সাহায্য দেওয়া হয়। স্কুল এবং কলেজের স্টুডেন্ট সাপোর্ট অফিসারদের কাছ থেকে এ ব্যাপারে বিস্তারিত জানতে পারবেন।
- উচ্চ শিক্ষা - যুবক যুবতীরা **গ্রান্ট (অনুদান) এবং ফেরতযোগ্য ঋণ** পেতে পেরে। সাধারণত পরিবারের আয়ের পরিমাণের উপর গ্রান্ট এবং লৌনের পরিমাণ নির্ভর করে।

বিস্তারিত জেনে নিন
বর্তমানের আর্থিক সাহায্য ব্যবস্থাগুলো সম্পর্কে বিস্তারিত জানার জন্য **www.direct.gov.uk/moneytolearn** এবং **www.direct.gov.uk/studentfinance** ওয়েবসাইটে যান।

সিদ্ধান্ত নেওয়ার পর কি হবে?

লেখাপড়ার কাজগুলো সুষ্টভাবে চালিয়ে যেতে, ব্যক্তিগত সমস্যা সমাধান করতে এবং লেখাপড়ার ও পেশার আরো পথ বাছাই করতে পরবর্তী কয়েকটি বছরে আপনার সন্তানের সাহায্যের প্রয়োজন হতে পারে।

লেখাপড়ার কাজ সুষ্টভাবে চালিয়ে যাওয়া
আপনার সন্তান যে পথটিই বেছে নিক না কেন তাকে তখন লেখাপড়ার, তথ্য সংগ্রহের, লেখাপড়ার কাজ সময় মত জমা দেওয়ার এবং অনুশীলন করার কাজগুলো সুষ্টভাবে করতে হবে। এসব কাজে তাকে আপনি সাহায্য করতে পারবেন যদি তার উত্তম শিখন-পদ্ধতি সম্পর্কে আপনার জানা থেকে।

আপনি কি কখনো ভেবে দেখেছেন আপনার সন্তান কেন গান বাজনা শুনতে চায়, কোনো একটা কিছু উচ্চকণ্ঠে বলতে চায় অথবা লেখাপড়া করার সময় বসা থেকে উঠে গিয়ে কেন হাঁটাহাঁটি করে? এটাই হয়তো তার শিখার পদ্ধতি। জ্ঞান অর্জনের জন্য সকলেই দৃষ্টিশক্তি, শ্রবণশক্তি এবং স্পর্শানুভূতি ব্যবহার করেন। কেউ কেউ কোনো একটি ইন্দ্রিয়শক্তি বেশি ব্যবহার করেন এবং কেউ কেউ তা কম ব্যবহার করেন। আর এ জন্যই একেক জনের শিখার পদ্ধতি একেক ধরনের হয়ে থাকে।

দৃষ্টিশক্তির উপর নির্ভরশীল শিক্ষার্থীরা	**আপনার সন্তান এই ধরনের হলে তাকে উৎসাহ দিন**
• বিস্তারিত লিখে নেয় • চোখ বন্ধ করে স্মরণ করার চেষ্টা করে • রঙিণ উপস্থাপনা পছন্দ করে • বিরক্ত বোধ করলে কোনো একটা কিছু দেখা পছন্দ করে	• নীরব স্থানে লেখাপড়া করতে • গুরুত্বপূর্ণ পড়া রঙিণ কালি দিয়ে দাগিয়ে নিতে • টিকা টিপ্পনি (নোটস) এবং টিচারদের দেওয়া হ্যান্ডাউটস (কাগজপত্র) ছক, চিত্র এবং ছবিতে পরিণত করে নিতে
আওয়াজের উপর নির্ভরশীল শিক্ষার্থী	**আপনার সন্তান এই ধরনের হলে তাকে উৎসাহ দিন**
• জোরে পড়ে এবং নিজের পড়া নিয়ে আলোচনা করে • মৌখিক নির্দেশ পছন্দ করে • অন্যদেরকে বোঝানো পছন্দ করে • বিরক্ত বোধ করলে গুনগুন করে কথা বলে বা নিজের সাথে কথা বলে	• আলোচনায় ও বিতর্কে অংশ নিতে • জোরে পড়তে • চোখ বন্ধ করে মূল বিষয়গুলো পনুরায় মনে করে নিতে • স্মরণ রাখার জন্য গান. বাজনা এবং ছন্দ ব্যবহার করতে
স্পর্শানুভূতির উপর নির্ভরশীল শিক্ষার্থী	**আপনার সন্তান এই ধরনের হলে তাকে উৎসাহ দিন**
• কাজের মাধ্যমে শিখে • এদের সক্রিয় থাকা এবং নিয়মিত বিশ্রাম নেওয়ার প্রয়োজন হয় • বিরক্ত বোধ করলে অন্য লোকদের মনোযোগ নষ্ট করে	• নতুন পড়া শিখার জন্য আশেপাশে হাঁটাহাঁটি করতে এবং অভিনয় বা অঙ্গভঙ্গি ব্যবহার করতে • পড়াশোনা করার সময় গান শুনতে • অন্যদের সাথে মিলে লেখাপড়ার কাজ করতে • গুরুত্বপূর্ণ পড়াগুলো উজ্জ্বল কালি দিয়ে দাগিয়ে নিতে

ব্যক্তিগত সমস্যার সমাধান
কোনো না কোনো এক সময়ে অধিকাংশ উঠতি বয়সের যুবক যুবতীরই কিছু সমস্যা দেখা দেয় যেগুলোর কারণে জীবনের অন্যান্য কাজ কুলানো কঠিন হয়ে পড়ে। এসব সমস্যা মোকাবেলা করার কাজে আপনার সন্তানকে সাহায্য করতে পারেন, যেমন:

- তার সমস্যা আপনার নজরে আসার সাথে সাথে তাকে সাহায্য করুন - দেরী না করে অতি তাড়াতাড়ি জড়িয়ে পড়া সর্বদাই উত্তম
- তার কথা শূনন এবং তার দৃষ্টিভঙ্গিতে সমস্যাটি দেখুন
- তার সাথে বসে একটি সমাধান বের করুন - অন্যদেরকে এতে জড়িত করুন এবং স্কুল, কলেজ, ট্রেইনিং প্রদানকারী বা কানেকশন্স এর পার্সোন্যাল এ্যাডভাইজারের কাছ থেকে পারদর্শীমূলক সাহায্য নিন
- তার অর্জিত সাফল্যগুলো এবং নতুন কৃতকার্য্যতাগুলোর প্রতি স্বীকৃতি দিয়ে তার আত্মবিশ্বাস বাড়ান
- বিভিন্ন ধরনের সুযোগ গুলো যেমন মেন্টরিং, কৌচিং, কাজের অভিজ্ঞতা, ভলান্টিয়ারিং ও ডিউক অব এডেনবরা এ্যাওয়ার্ড (Duke of Edinburgh) এর মত স্কিমগুলো কাজে লাগানোর উৎসাহ দিন।

লেখাপড়ার ও পেশার আরো পথ বেছে নেওয়া
17এবং 18 বছর বয়সে আপনার উঠতি বয়সের সন্তানের সামনে যে পথগুলো খোলা রয়েছে সেগুলোর মধ্যে আছে:

- কলেজে বা ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষা লাভ করা - সে ফুল-টাইম বা পার্ট-টাইম লেখাপড়া করতে পারে এবং একটি সাবজেক্ট-ভিত্তিক কৌর্স, চাকুরি-ভিত্তিক কৌর্স করতে পারে যেটি কোনো একটি শিল্প খাত সম্পর্কে তার জ্ঞান বৃদ্ধি করবে, অথবা পেশা-ভিত্তিক কোনো একটি কৌর্স করতে পারে যেটি কোনো একটি চাকরি করতে তাকে সমর্থ করে তুলবে
- লেখাপড়ায় এক বছর বিরতি নেওয়া - অনেক যুবক যুবতী লেখাপড়ার পরবর্বর্তী পর্য্যায়ে যাওয়ার আগে এক বছর বিরতি নেয়। বিরতির সময়টুকু তারা চাকুরিতে বা দেশ ভ্রমনে ব্যয় করে
- একটি এ্যাপ্রেন্টিসশিপের জন্য দরখাস্ত করা
- একটি চাকরি ধরা - সম্ভবত ট্রেইনিং সহ
- ব্যবসা করা - ব্যবসা খোলা একটি কঠিন ব্যাপার। ব্যবসার প্রতি আপনার সন্তানের আগ্রহ থাকলে যত তাড়াতাড়ি সম্ভব পারদর্শী লোকদের পরামর্শ নিতে আপনার সন্তানকে উৎসাহ দিন।

তাকে নিচের প্রশ্নগুলোর উত্তর দিতে উৎসাহ দিয়ে উপরে উল্লেখিত পথগুলো থেকে সঠিক পথ বেছে নিতে তাকে সাহায্য করতে পারেন:

- বর্তমানে আমার অবস্থান কোথায়?
- আমি কোন্ পর্য্যায়ে উন্নীত হতে চাই বা আমার লক্ষ্য কি?
- আমি কিভাবে সেখানে উন্নীত হতে পারি বা কিভাবে লক্ষ্য হাসিল করতে পারি?

সে যখন বিভিন্ন পথ বাছ-বিচার করে দেখবে তখন তাকে মনে করিয়ে দেবেন যে শিক্ষা অমূল্য সম্পদ। শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন লোকদের ও যোগ্যতাহীন লোকদের বেতনের পরিমাণের মধ্যে ব্যবধান অনেক অনেক বেশি। সে যদি নিম্ন দক্ষতার, কম বেতনের চাকরি শুরু করে যেটিতে ট্রেইনিং নেওয়ার সুযোগ নেই তবে আরো ভাল কোনো কিছুতে উন্নীত হওয়া তার জন্য কঠিন হবে।

অন্যান্য নমুনায় এই নির্দেশিকা
এই নির্দেশিকা ব্রেইলে (অন্ধলিপিতে) এবং সিডি-তে রেকর্ড করে পাওয়া যায়। এটি অর্ডার করার জন্য অনুগ্রহ করে ডি.সি.এস.এফ পাবলিক্যাশন্স (DCSF Publications)-কে নিচের নাম্বারে ফোন করুন: **0845 602 2260** অথবা ইমেইল করুন: **connexions@prolog.uk.com**

নির্দেশিকাটির অনুবাদ
মা-বাবা এবং কেয়ারার্স (Parents & Carers) আরবী, বাংলা, গুজরাটি, হিন্দি, ম্যান্ডারিন চায়নিজ, পোলিশ, পাঞ্জাবী, সোমালি, টার্কিশ, উর্দু এবং ভিয়েতনামিজ ভাষায় নিচের ওয়েবসাইট থেকে নির্দেশিকাটি ডাউনলোড করা যাবে: **www.connexions-direct.com/parentcarer**

পি.ডি.এফ ফর্ম্যাটে নির্দেশিকাটি এই ওয়েবসাইটে পাবেন: **www.connexions-direct.com/parentcarer** আপনার কম্পিউটারে লেখা মোটা করতে পারবেন।